

ার্যা নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমুহ রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

(২) সুতরাং ঐ বিষয়টি কি, যার জন্য আল্লাহ্ তাআ'লা মানুষ সৃষ্টি করেছেন?

আল্লাহ তা'আলা মানুষ ও জিন জাতিকে পৃথিবীতে তাঁর একত্ববাদ ও এবাদত প্রতিষ্ঠা করার জন্যে সৃষ্টি করেছেন। আল্লাহ্ তাআ'লা বলেনঃ

وَمَا خَلَقْنَا السَّمَوَاتِ وَالأَرْضَ وَمَا بَيْنَهُمَا لاَعِبِينَ * مَا خَلَقْنَاهُمَا إِلاَّ بِالْحَقِّ وَلَكِنَّ أَكْثَرَهُمْ لاَ يَعْلَمُونَ "আমি নভোমন্ডল, ভূমন্ডল ও এতদুভয়ের মধ্যবতী সবকিছু ক্রীড়াচ্ছলে সৃষ্টি করিনি। আমি আকাশ ও পৃথিবী যথাযথভাবে সৃষ্টি করেছি। কিন্তু অধিকাংশ মানুষ তা বুঝে না"। (সূরা আদ্ দুখানঃ ৩৮-৩৯) আল্লাহ তাআ'লা বলেনঃ

وَمَا خَلَقْنَا السَّمَاءَ وَالأَرْضَ وَمَا بَيْنَهُمَا بَاطِلاً ذَلِكَ ظَنُّ الَّذِينَ كَفَرُوا

"আমি আকাশ ও পৃথিবী এবং এতদুভয়ের মধ্যে যা আছে তা অযথা সৃষ্টি করি নি। এটা কাফেরদের ধারণা মাত্র"। (সূরা সোয়াদাঃ ২৭) আল্লাহ তাআ'লা বলেনঃ

وَخَلَقَ اللَّهُ السَّمَوَاتِ وَالأَرْضَ بِالْحَقّ وَلِتُجْزَى كُلُّ نَفْسِ بِمَا كَسَبَتْ وَهُمْ لاَ يُظْلَمُونَ

"আল্লাহ আকাশ ও পৃথিবী যথাযথভাবে সৃষ্টি করেছেন এবং যাতে প্রত্যেক ব্যক্তি তার উপার্জনের ফল পায়। তাদের প্রতি যুলুম করা হবে না"। (সুরা জাসিয়াঃ ২২) আল্লাহ্ তাআলা আরো বলেনঃ

وَمَا خَلَقْتُ الْجِنَّ وَالإنسَ إِلاَّ لِيَعْبُدُونِ

''আর আমি জিন এবং মানবকে কেবল আমার এবাদত করার জন্য সৃষ্টি করেছি''। (সূরা যারিয়াতঃ ৫৬)

Source — https://www.hadithbd.com/books/link/?id=2019

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন